

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৩২

১৮. व्यवञा-वानिका वधाय (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৫৪. ঋণগ্রস্ত মৃত ব্যক্তির উপর সালাত আদায়ের অনুমতি প্রসঙ্গে

باب فِي الرُّخْصَةِ فِي الصَّلَاةِ عَلَيْهِ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ سُفْيَانَ عَنْ أَبِي الزِّنَادِ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ مَا عَلَى الْأَرْضِ مُوْمِنٌ إِلَّا أَنَا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ مَا عَلَى الْأَرْضِ مُوْمِنٌ إِلَّا أَنَا أَوْ ضَيَاعًا فَلْأُدْعَ لَهُ فَأَنَا مَوْلَاهُ وَمَنْ تَرَكَ مَالًا فَلِعَصَبَتِهِ مَنْ كَانَ قَالَ عَبْدِ اللَّهِ ضَيَاعًا يَعْنِي عِيَالًا وَقَالَ فَلْأُدْعَ لَهُ يَعْنِي ادْعُونِي لَهُ أَقْضِ عَنْهُ كَانَ قَالَ عَبْدِ اللَّهِ ضَيَاعًا يَعْنِي عِيَالًا وَقَالَ فَلْأُدْعَ لَهُ يَعْنِي ادْعُونِي لَهُ أَقْضِ عَنْهُ

বাংলা

২৬৩২. আবৃ হুরাইরাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "সেই মহান সন্তার কসম, যার হাতে আমার প্রাণ! দুনিয়াতে আমি প্রত্যেক মু'মিনেরই সকল মানুষের চেয়ে সর্বাধিক ঘনিষ্ঠ। তাই যখন কোন মু'মিন ঋণ কিংবা অসহায় পরিবার-পরিজন রেখে (মারা) যায়, তবে তার জন্য আমার নিকট বলতে হবে (তাহলে আমি তার পক্ষে তা আদায় করে দেবো।) কেননা, আমিই তার অভিভাবক। আর যদি কোনো ব্যক্তি মাল-সম্পদ রেখে যায়, তাহলে তার যে আত্মীয়-স্বজন থাকে তারা তার ওয়ারিস হবে।"[1]

আব্দুল্লাহ বলেন, ضَيَاعاً অর্থ পরিবার পরিজন বা পোষ্য (কিংবা ভরণপোষনের দায়িত্ব); আর فُلُّذُعَ لَكُ صَالَاً अर्थ: 'আমার নিকট চাইলে আমি তার পক্ষ হতে তা আদায় করবো।'

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, কিফালাহ ২২৯৮; মুসলিম, ফারাইয ১৬১৯।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৯৪৮ ও সহীহ ইবনু হিব্বান নং ৩০৬৩, ৪৮৫৪, ৫০৫৪ তে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন